



স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৩১.১৪৭.১৯-/২৭২০/০

তারিখ : ০৬/০৪/১৪২৬ বঙ্গাব্দ
২৭/০৭/২০১৯ খ্রিস্টাব্দ


বিষয় : সিলেট জেলার গোলাপগঞ্জ উপজেলাধীন আল-এমদাদ কলেজে পদ সমন্বয় করে শূন্যপদে এম.পি.ও ভুক্তি।

সূত্র : স্মারক নং ৪৮/অধ্য/২০১৯ তারিখ : ০৬.০৫.২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সিলেট জেলার গোলাপগঞ্জ উপজেলাধীন আল-এমদাদ কলেজের উচ্চমাধ্যমিক পর্যায়ের ইসলামের ইতিহাস ও সংস্কৃতি এবং ইংরেজি বিষয়ের শূন্য পদে ডিগ্রিস্তরে নিয়োগকৃত জনাব মো: মাকছুদুল কাইয়ুম, প্রভাষক-ইসলামের ইতিহাস ও সংস্কৃতি এবং জনাব কবির আহমদ, প্রভাষক-ইংরেজি কে সমন্বয় করে এম.পি.ও ভুক্তির জন্য সূত্রোক্ত স্মারক মোতাবেক প্রতিষ্ঠান থেকে আবেদন করেন।

আল-এমদাদ কলেজটি ডিগ্রিস্তর পর্যন্ত অধিভুক্ত হলেও উচ্চমাধ্যমিক স্তর পর্যন্ত এম.পি.ও ভুক্ত আছে। প্রতিষ্ঠানটিতে ডিগ্রিস্তরে ইংরেজি এবং ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ের অধিভুক্ত এবং সংশ্লিষ্ট বিষয়ে বিধি মোতাবেক নিয়োগকৃত শিক্ষক কর্মরত আছে। জনবল কাঠামো-২০১৮ অনুযায়ী প্রতিষ্ঠানটিতে উচ্চ মাধ্যমিক স্তরে এম.পি.ও ভুক্ত হিসেবে ইংরেজি এবং ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ের ১টি করে পদ আছে এবং পদত্যাগ জনিত কারণে পদ ২টি শূন্য আছে। জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ৯(ii) ধারা অনুযায়ী 'উচ্চমাধ্যমিক ও ডিগ্রি(পাস) স্তরে বিধি মোতাবেক নিয়োগপ্রাপ্ত এম.পি.ও ভুক্ত নয়, এমন একই বিষয় নিয়োগপ্রাপ্ত শিক্ষককে প্যারটার্নভুক্ত শূন্যপদে জ্যেষ্ঠতার ভিত্তিতে সমন্বয় করতে হবে।

এমতাবস্থায়, সিলেট জেলার গোলাপগঞ্জ উপজেলাধীন আল-এমদাদ কলেজের ডিগ্রিস্তরে নিয়োগকৃত জনাব মো: মাকছুদুল কাইয়ুম, প্রভাষক-ইসলামের ইতিহাস ও সংস্কৃতি এবং জনাব কবির আহমদ, প্রভাষক-ইংরেজি কে সংশ্লিষ্ট বিষয়ে জ্যেষ্ঠ শিক্ষক হলে এবং নিয়োগ যথাযথ থাকলে জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ৯(ii) এর অনুযায়ী গভর্নিং বডির মাধ্যমে সমন্বয় করে অনলাইনে আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(ফারহানা আক্তার)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭।

ই-মেইল : ncollege@dshe.gov.bd

অধ্যক্ষ

আল-এমদাদ কলেজ
গোলাপগঞ্জ, সিলেট।

বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সভাপতি, গভর্নিং বডি, আল-এমদাদ কলেজ, গোলাপগঞ্জ, সিলেট;
- ০২। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সিলেট অঞ্চল, সিলেট;
- ০৩। জেলা শিক্ষা অফিসার, সিলেট;
- ০৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গোলাপগঞ্জ, সিলেট;
- ০৫। সংরক্ষণ নথি।